ঝিনাইদহে শ্রমিক ইউনিয়নের অর্থ প্রদান

ঝিনাইদহে জেলা ট্রাক-ট্রাক্টর, কভার্ড ভ্যান ট্যাংকলরী শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মৃত সদস্যদের পরিবারেরমাঝে নগদ অর্থ প্রদান করা হয়েছে। সোমবার (২০ জানুয়ারি) দুপুরে জেলা শ্রমিক ইউনিয়নের কার্যালয়েএই অনুদানের নগদ অর্থ প্রদান করা হয়।

জেলা ট্রাক-ট্রাক্টর,কভার্ড ভ্যান ট্যাংকলরি শ্রমিকইউনিয়নের সভাপতি মো. মাসুদ রানার সভাপতিত্বে জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এমজিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রাক শ্রমিক ইউনিয়নের মৃত সদস্যদের পরিবারের সদস্যদের হাতে অনুদানের নগদ অর্থ তুলে দেন।

ওয়ালিয়ার রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামানমনা, সিনিয়র যুগ্ম সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুররহমান পপ্পু, সদর উপজেলা বিএনপির সভাপতি কামাল আজাদ পান্নু, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান আলমঙ্গীর হোসেন আলম, পৌর বিএনপির সাধারণ সম্পাদকমাহমুদুর রহমান শেখর প্রমুখ।

এ সময় ট্রাক শ্রমিক ইউনিয়নের ১১জন মৃত সদস্যের পরিবারের মাঝে নগদ ৮ লাখ ৬০ হাজার টাকা ও দুইজন অবসর প্রাপ্ত সদস্যকে ১ লাখ ৮০ হাজার টাকা প্রদান করা হয়।

ঝিনাইদহে বিএনপি ও আ.লীগ কর্মীদের সংঘর্ষে আহত ৩

ঝিনাইদহে ওয়াজ মাহফিলের কমিটি গঠনকে কেন্দ্র করে বিএনপি ও আওয়ামী লীগের নেতাকর্মীদের সংঘর্ষে ৩ জন আহত হয়েছে। এ সময় বাড়িঘর ভাঙচুর

ও লুটপাট করা হয়।

সোমবার সকালে সদর উপজেলার সোনাইখালী গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা হলেন বিএনপির কর্মী রজব আলী মণ্ডল, কুদ্দুস মণ্ডল ও কামিরুল মণ্ডল। তারা জেলা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

জানা যায়, নারায়ণপুর প্রাথমিক বিদ্যালয়ে গ্রামবাসীর উদ্যোগে ওয়াজ মাহফিল আয়েজনের প্রস্তুতি চলছে কয়েকদিন ধরে। এই ওয়াজ মাহফিলের সভাপতি হওয়ার জন্য স্থানীয় ইউপি সদস্য ও আওয়ামী লীগ নেতা মিন্টু খাঁ চেষ্টা করে। এতে স্থানীয় বিএনপির নেতার্মীরা হস্তক্ষেপ করে। তারা মসজিদেও ইমামকে সভাপিত বানাতে চায়। এরই জেরে সোমবার সকালে উভয়পক্ষ দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

স্থানীয় ওয়ার্ড বিএনপি নেতা আব্দুর রশিদ জানান, সোমবার সকালে সুরাট ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি কবির হোসেন জোর্য়াদ্দার ও ইউপি সদস্য মিন্টু খাঁর নেতৃত্বে একদল সন্ত্রাসী সোনাইখালী গ্রামের বিএনপি কর্মী রজব আলী মণ্ডলসহ তিনজনকে কুপিয়ে জখম করে। সেসময় তাদের বাড়িঘর ভাঙচুর ও লুটপাট করে নিয়ে যায়। অভিযোগের বিষয়ে জানতে সুরাট ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি কবির হোসেন জোয়াদ্দারের মোবাইলে কল করলে সেটি বন্ধ পাওয়া যায়।

তবে ইউপি সদস্য মিন্টু খাঁ দাবি করেন, আমাকে নিয়ে অপপ্রচার চালানো হচ্ছে। এ ব্যাপারে সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন কালের কণ্ঠকে বলেন, ওই গ্রামে হামলার ঘটনা শুনেছি। লিখিত অভিযোগ পেলে তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে প্রিমিয়ার লিগ ক্রিকেট টুর্নামেন্টের

উদ্বোধন

“মাদককে না বলি, মাদক মুক্ত সমাজ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহ প্রিমিয়ার লিগ সিজন-৩ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২০ জানুয়ারি) সকাল সাড়ে ১১ টাই রেভ্যুলেশন স্পোর্টিং ক্লাব এর উদ্যোগে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ড সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে খেলার শুভ উদ্বোধন করেন উপ-প্রধান সম্পাস্মরণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ আব্দুল মোত্তাবিল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আইপি জেলা ক্রিয়া অফিসার মোঃ মিজানুর রহমান, জেলা ক্রিকেটার দলের সাবেক অধিনায়ক হাসান শরীফ সবার। সভাপতিত্ব করেন রেভ্যুলেশন স্পোর্টিং ক্লাবের সভাপতি জাহাঙ্গীর কবির তুহিন। অনুষ্ঠানটি সঞ্চালন করেন রেভ্যুলেশন স্পোর্টিং ক্লাবের সাধারণ সম্পাদক ডাক্তার আরিফ মুহাম্মদ।

আয়োজক সূত্রে জানায় উক্ত খেলায় ২৪টি দল অংশগ্রহণ করবেন। উদ্বোধনী শহীদ জিয়া স্পোর্টিং ক্লাব ও ক্ষ্যাপা লক্ষ্মীপুর মাগুরায় স্পোর্টিং ক্লাব উদ্বোধনী ম্যাচে খেলেন।

ঝিনাইদহে আধিপত্য নিয়ে সংঘর্ষে আহত ৫

ঝিনাইদহ সদর উপজেলার ফুরসন্দি ইউনিয়নের সোনাতনপুর গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় অন্তত আহত হয়েছে ৫ জন।

সোমবার (২০ জানুয়ারি) সকালে সদর উপজেলার সোনাতনপুর গ্রামে এ হামলার ঘটনা ঘটে। সেসময় ভাংচুর করা হয়েছে বেশ কয়েকটি বাড়ি-ঘর।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে সোনাতনপুর

গ্রামের ফুয়াদ বিশ্বাস ও রানা মেম্বরের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। এনিয়ে গত শনিবার উভয় পক্ষের সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়। এরই জের ধরে সোমবার সকালে ফুয়াদ বিশ্বাসের লোকজন রানা মেম্বরের সমর্থকদের উপর হামলা করে। এতে রানা মেম্বরের ০৫ জন সমর্থক আহত হয়। সেসময় ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়ি-ঘর।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনার পর এলাকায় টান টান উত্তেজনা বিরাজ করছে। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। এলাকায় বর্তমানে উত্তেজনা বিরাজ করছে। আবারও সংঘর্ষের আশংকায় এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহে মৎস্যজীবীদের বিক্ষোভ ও স্মারকলিপি পেশ

বাঁওড়ের ইজারা বাতিল করে জেলেদের স্বার্থে জলমহাল নীতিমালা প্রণয়নসহ ৪ দফা দাবীতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও স্মারকলিপি পেশ করা হয়েছে।

রোববার সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বাংলাদেশ বাঁওড় মৎস্যজীবী আন্দোলনের ব্যানারে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

সংগঠনের নেতা বাসুদেব বিশ্বাসের সভাপতিত্বে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় আহ্বায়ক নির্মল হালদার, সদস্য সচিব সুজন বিপ্লব, ঝিনাইদহ জেলা কমিটির সদস্য সচিব নিত্য হালদারসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা বলেন, সরকারের বিভিন্ন খাতের ভর্তুকির চেয়েও একবারে তলানী পরিমাণ টাকার অংকে ইজারা থেকে রাজস্ব আদায়ের সাথে ১ কোটি জেলে জনগোষ্ঠী কর্মসংস্থান হারিয়ে না খেয়ে মরছে। জলমহাল থেকে উচ্ছেদের শিকার ভূমিপুত্র বাঁওড় মৎস্যজীবীরাও সারাদেশে লক্ষ লক্ষ পরিবর্তন-পরিজন পথে বসেছে। ঝিনাইদহ-যশোরের বৃহত্তম বলুহর,

জয়দিয়া, কাঠগড়া, মর্জাত, ফতেপুর, বেড়গোবিন্দপুর বাঁওড়ে ইজারাপ্রথার কুফলে ভূমিহীন, গরিব ও বেকার ৩০ হাজার জেলে জনজীবনের বাঁচার আকুতি রাষ্ট্রকে মনোযোগ দিয়ে শুনতে হবে। আগামী একমাসের মধ্যে আমাদের সমস্যার সমাধান করা না হলে দেশের সব বাঁওড় পাড়ের জেলে নারীপুরুষ, শিশু ও প্রবীণেরা দলবেঁধে আগামীতে রাজধানী ঢাকায় সরকারের প্রধানমন্ত্রী উপদেষ্টা বরাবর ধর্না দিতে বাধ্য হবো বলে বলেন বক্তারা।

পরে তারা বাঁওড়গুলার ইজারা পদ্ধতি পুরোপুরি বাতিল করে বাঁওড়ে জেলেদের ন্যায়সঙ্গত মালিকানার স্বীকৃতি দেওয়াসহ ৪ দফা দাবী সম্বলিত স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে ৩ টি মন্ত্রনালয়ে প্রেরণ করেন।

ঝিনাইদহে এসএ টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে এসএ টিভির ১২তম প্রতিষ্ঠাবাষির্কী পালিত হয়েছে। রোববার (১৯ জানুয়ারি) দুপুরে শহরের ফ্যামিলি জোন রেস্টুরেন্টে এ উপলক্ষ্যে আলোচনাসভা ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ ইকবাল মাখন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম রায়হান, আমিনুর রহমান টুকু, বিমল কুমার সাহা, সাবেক সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন জোয়ার্দ্দার, সাধারন সম্পাদক আমিনুল ইসলাম লিটন, এসএ টিভির জেলা প্রতিনিধি ও প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজিব হাসানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, আগামীতে এসএ টিভির উত্তরোত্তর সাফলতা কামনা করেন। পরে এসএ টিভির ১২তম প্রতিষ্ঠাবাষির্কীর কেক কাটা হয়।

[redacted]

[redacted]

ঝিনাইদহে নিখোঁজের ৮ দিন পর লাশ উদ্ধার

নিখোঁজের ৮ দিনপর ঝিনাইদহে রুবেল হোসেন (৩০) নামে এক কৃষকের লাশের সন্ধান পেয়েছে স্বজনরা। গতকাল শনিবার দুপুরে বাঁদপুকুরিয়া গ্রামের একটি পরিত্যাক্ত সেফটি ট্যাংকের মধ্যে লাশের সন্ধ্যান মেলে। রুবেল হোসেন ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নের বাঁদপুকুরিয়া গ্রামের মিন্টু মিয়ার ছেলে। রুবেল গত ১১ জানুয়ারী শনিবার থেকে নিখোঁজ ছিলো।

পরিবার ও এলাকাবাসী জানায়, গত শনিবার বিকালে বাড়ী থেকে বের হয় রুবেল। রাতে গ্রামের একটি চায়ের দোকানে আড্ডাদিতে দেখাযায় তাকে। এরপর থেকে সে নিখোঁজ ছিলো। গতকাল শনিবার (১৮ জানুয়ারি) দুপুরে রুবেলের প্রতিবেশীর একটি বাড়ীতে কাঠ মিস্ত্রীরা কাজ করছিলো। হঠাৎ তারা দুর্গন্ধ পায়। এসময় তারা দুর্গন্ধের সন্ধ্যান করতে গিয়ে পরিত্যাক্ত পায়খানার সেফটি ট্যাংকের মধ্যে মাথা নিচেই ও পা উপরে দেওয়া একটি লাশ দেখতে পায়। পরে গ্রামবাসী পুলিশকে খবর দেয়। পুলিশ এসে রুবেলের মরদেহটি উদ্ধার করে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন লাশ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেন। লাশটি উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতলের মর্গে পাঠানো হয়েছে বলে জানান। লাশটি ওই গ্রামের মিন্টু মিয়ার ছেলে রুবেলর বলেও জানান, রুবেল গত ১১ জানুয়ারি থেকে নিখোঁজ ছিল।

ঝিনাইদহে দু’পক্ষের সংঘর্ষে আহত ১০

ঝিনাইদহ সদর উপজেলার ফুরসন্দি ইউনিয়নের সোনাতনপুর গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে অন্তত আহত হয়েছে ১০ জন।

শনিবার সকালে সদর উপজেলার সোনাতনপুর গ্রামে এ ঘটনা ঘটে। সেসময় ভাংচুর করা হয়েছে বেশ কয়েকটি বাড়িঘর।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে ওই গ্রামের ফুয়াদ বিশ্বাস ও রানা মেম্বরের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। শনিবার সকালে ফুয়াদ বিশ্বাসের সমর্থক খেজমত আলী ও তার ছেলে নবাবকে গ্রামের মাঠে মারধর করে রাজা বিশ্বাসের লোকজন। এরই জের ধরে উভয় পক্ষের সমর্থকরা সংঘর্ষে জড়িয়ে পরে। এতে অন্তত ১০ জন আহত হয়। ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়িঘর।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। সংঘর্ষের আশংকায় এলাকাতে পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালসহ স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে। এলাকায় বর্তমানে উত্তেজনা বিরাজ করছে। আবারো সংঘর্ষের আশংকায় এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহে ভ্যাট ও সম্পুরক শুল্ক প্রত্যাহারের দাবিতে মানববন্ধন

বর্ধিত ভ্যাট ও সম্পূরক শুল্ক প্রত্যাহারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। কেন্দ্রীয় কর্মসুচির অংশ হিসেবে বাংলাদেশ হোটেল রেস্তোঁরা মালিক সমিতি’র আয়োজনে ঝিনাইদহ জেলা শাখা এই মানববন্ধন কর্মসুচি পালন করে।

বৃহস্পতিবার সকাল ১১ টায় ঝিনাইদহ প্রেসক্লাব চত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়। মানববন্ধনে ঝিনাইদহ জেলার আড়াই’শ হোটেল, রেস্তোঁরা, মিষ্টির দোকান ও ফাস্টফুডের

দোকানের মালিক ও কর্মচারীরা অংশ গ্রহণ করেন।

মানববন্ধন শেষে এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা রেস্তোরাঁ মালিক সমিতি’র সভাপতি আবিদুর রহমান লালু, সংগঠনের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন, সৈয়দ আলী, এ কে আজাদ, সুব্রত ঘোষ, নাসির উদ্দীন, মেহেদী হাসান ও নিতাই ঘোষ প্রমুখ। বক্তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, দেশের পরিবর্তিত পরিস্থিতির কারণে মানুষের আয় রোজগার কমে গিয়েছে। ফলে হোটেল রেস্তোঁরাই আগের মতো ব্যবসা নেই। তার উপর নতুন প্রস্তাবিত বর্ধিত ১৫% ভ্যাট ও ১০% সম্পূরক শুল্ক ব্যবসায়ীদের জন্য চাপ সৃষ্টি করবে। ব্যবসায়ীরা হুশিয়ার উচ্চারণ করে বলেন, বর্ধিত ভ্যাট ও সম্পূরক শুল্ক প্রত্যাহার না করলে তারা ব্যবসা বন্ধ করে দিতে বাধ্য হবে।